



সংবাদ বিজ্ঞপ্তি,

চাকায় স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক এবং জাতিসংঘ সংস্থার যৌথ উদ্যোগে বিশ্ব মানবিক কর্মকাণ্ড বিষয়ক দিবস পালিত

মানবিক কর্মকাণ্ডে সম্পৃক্ত স্থানীয় প্রতিষ্ঠানগুলোর দক্ষতা বৃদ্ধি অগ্রাধিকার পাওয়া উচিচৎ

ঢাকা, ১৯ আগস্ট ২০১৬: আজ ঢাকায় সিরডাপ মিলনায়তনে একটি সেমিনারের মাধ্যমে জাতিসংঘ যোৰ্ষিত বিশ্ব মানবিক কর্মকাণ্ড বিষয়ক দিবস যৌথভাবে পালন করেছে স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান (এনজিও) এবং জাতিসংঘ। সেমিনারে বন্ধুগণ মানবিক কর্মকাণ্ডে জড়িত স্থানীয় এনজিওদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, স্থানীয় এনজিও এবং কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানগুলোকে এক্ষেত্রে জরুরী ভিত্তিতে বিবেচনা করতে হবে। বিশ্ব মানবিক কর্মকাণ্ড বিষয়ক সম্মেলনের ফলাফল: বাংলাদেশে দুর্ঘেস্থ সাড়াপ্রদানের সাম্প্রতিক অভিভূত শীর্ষক সেমিনারটি যৌথভাবে আয়োজন করে এ্যাকশন এইড, ব্র্যাক, ক্রিস্টিয়ান এইড, কোস্ট ট্রাস্ট, কনসার্ন ওয়াল্ড'ওয়াইড, কনসার্ন ইউনিভার্সাল, ডান চার্চ এইড, ডিজাস্টার ফোরাম, ডিএসকে, রেডক্রিসেন্ট, ইসলামিক রিলিফ, মুসলিম এইড, অক্সফোর্ম, প্লান ইন্টারন্যাশনাল, প্র্যাকটিকেল এ্যাকশন, নিরাপদ, সেভ দ্য চিল্ড্রেন, এসকেএস, ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন, ইউনাইটেড ন্যাশন রেসিস্টেন্ট কোঅর্ডিনেটর, ওয়েভ ফাউন্ডেশন এবং ওয়ার্ল্ড ভিশন।

কোস্ট ট্রাস্টের রেজাউল করিম চৌধুরীর সংগ্রালনায় অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্ঘেস্থ ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মো. শাহ কামাল। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ব বিদ্যালয়ের অধ্যাপক ড. মাহবুবা নাসরিন, অক্সফোর্মের বদি আখতার, ব্র্যাকের গওহর নঙ্গে ওয়ারা, আইওএমের আসিফ মুনির, ইউএনআরসি'র কাজী শহিদুর রহমান, ক্রিস্টিয়ান এইডের শাকিব নবী, ডিসিএ-এর হাসিনা ইনাম, প্র্যাকটিক্যাল এ্যাকশনের হাসিন জাহান, দ্বীপ উন্নয়ন সংস্থার রফিকুল ইসলাম, রেডক্রিসেন্টের অধিত শাহ দুর্জয় কুমার সাহা। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কোস্ট ট্রাস্টের শওকত আলী টুর্টুল।

শওকত আলী টুর্টুল তার উপস্থাপনায় বিশ্ব মানবিক কর্মকাণ্ড বিষয়ক শীর্ষ সম্মেলনের মূল ফলাফলগুলো তুলে ধরেন, যেগুলোর মধ্যে আছে পরিবর্তনের সনদ নামের একটি ঘোষণাপত্র, যেখানে আন্তর্জাতিক দাতা সংস্থাগুলো প্রতিশ্রূতি দিয়েছে যে, তারা স্থানীয় ও জাতীয় এনজিওদের জন্য তহবিল বৃদ্ধি করবে। এর আরেকটি ফলাফল হলো নেটওয়ার্ক ফর এমপাওয়ারিং এইড রেসপন্স, একটি আন্ত রাষ্ট্রীয় উদ্যোগ প্লাটফরম অব ডিজাস্টার ডিসপ্লেইসমেন্ট, যাতে জলবায়ু উদ্বাস্তুদের নিয়ে রাষ্ট্রসমূহ কাজ করবে এবং যার সভাপতি জার্মান এবং সহ সভাপতি বাংলাদেশ। গওহর নঙ্গে ওয়ারা বিশ্ব মানবিক কর্মকাণ্ড বিষয়ক সম্মেলনের মাধ্যমে এই ধরনের কার্যক্রমের স্থানীয়করণ এবং জবাবদিহিতার বিষয়টির উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বান্দরবন ও সুনামগঞ্জের মতো খাদ্য নিরাপত্তার বুর্কিপূর্ণ এলাকাগুলো অগ্রাধিকার পাওয়া উচিচৎ। বদি আখতার মানবিক কর্মকাণ্ডে জলবায়ু পরিবর্তনকে সমর্পিত করার উপর গুরুত্ব দেন। তিনি এইক্ষেত্রে নারী অধিকার বিষয়ক সংগঠনগুলোকে আরও বেশ সম্পৃক্ত হওয়ার পরামর্শ দেন। আসিফ মুনির মানবিক কর্মকাণ্ডে শরণার্থী, স্থানচ্যুতদের বিষয়টি সমর্পিত করার আহ্বান জানান।

ড. মাহবুবা নাসরিন বলেন, মানবিক কর্মকাণ্ডে বিনয়োগ করার মতো সম্পদ এখন আমাদের দেশে অনেক আছে। আর এক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে স্থানীয় পর্যায়ে বিভিন্ন সংগঠনের দক্ষতা উন্নয়নের। মো. শাহ কামাল বলেন, আন্তর্জাতিক সংস্থাগুলোর উচিচৎ স্থানীয় সংস্থাগুলোকে অর্থায়ন করে সেই অর্থের ব্যবহার মনিটরিংয়ে সীমাবদ্ধ থাকা। তিনি আরও বলেন, স্থানীয় সংস্থাগুলোর মাধ্যমেই শুধু কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়া হওয়া উচিচৎ।

বার্তা প্রেরণ:

রেজাউল করিমচৌধুরী, ০১৭১১৫২৯৭৯২
মোস্তফা কামাল আকন্দ, ০১৭১১৪৫৫৯১